

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.১৫.২০২২. ১৫২

তারিখ: ২৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব রহিমা খাতুন, সাবেক প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), খায়রুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ, বর্তমানে সিনিয়র শিক্ষক (সামাজিক বিজ্ঞান), কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে দায়িত্ব গ্রহণের পর হতে বিদ্যালয় পরিচালনায় সরকারি নিয়ম-কানুন না মেনে করোনা মহামারী সময় শিক্ষার্থীদের নিকট হতে অতিরিক্ত অর্থ গ্রহণ করার এবং সরকারি নীতিমালা উপেক্ষা করে বিভিন্ন শ্রেণীতে অতিরিক্ত ছাত্রী ভর্তিসহ সরকারি দায়িত্ব পালনে উদাসীনতা ও অবহেলা করার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৭/০২/২০২৩ খ্রিষ্টাব্দে এ বিষয়ে ব্যক্তিগত শুনানিতে তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা চেয়েছেন। এজন্য তাকে বদলি করা হয়েছে। তার বক্তব্য ও নথি পর্যালোচনা করে তাকে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব রহিমা খাতুন, সিনিয়র শিক্ষক (সামাজিক বিজ্ঞান), কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(সোলেমান খান)


সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.১৫.২০২২. ১৫২/১(৬)

তারিখ: ২৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব রহিমা খাতুন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। প্রধান শিক্ষক, কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৬। জনাব রহিমা খাতুন, সিনিয়র শিক্ষক (সামাজিক বিজ্ঞান), কসবা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।



(আবু সাঈদ মো: ফজলে এলাহী)

উপসচিব

ফোন: ২২২৩৩৫৪২৬৫